

## চীনা নাগরিকদের জন্য পর্যটক ভিসা চালু করলো ভারত

- A Monitor Desk Report

Date: 26 July, 2025



**ঢাকাঃ দীর্ঘ প্রায় ৫ বছর পর আবারও চীনা নাগরিকদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু করলো ভারত।**

বৃহস্পতিবার (২৪ জুলাই) থেকে এই প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে চালু হয় বলে জানিয়েছে বেজিংয়ে ভারতীয় দূতাবাস।

এর আগে চলতি বছরের মার্চ থেকে ভারতীয় পর্যটকদের জন্য আবারও ভিসা দেওয়া শুরু করেছিল চীন। সেই ধারাবাহিকতায় ভারতও একই রকম পদক্ষেপ নিল।

ভারতের এই সিদ্ধান্তকে 'ইতিবাচক' পদক্ষেপ বলে মন্তব্য করেছে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়।

তারা জানিয়েছে, ভারত-চীন সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে আলোচনা অব্যাহত রাখার বিষয়ে আগ্রহী বেইজিং।

উল্লেখ্য, সম্প্রতি ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর আলাদা দুটি সরকারি সফরে চীন গিয়েছিলেন এবং সেখানেই চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠক করেন। এর পরপরই ভারত এ সিদ্ধান্ত গ্রহণ করে।

প্রসঙ্গত, ২০২০ সালের এপ্রিল মাসে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) পেরিয়ে পূর্ব লাডাখের বিভিন্ন এলাকায় চীনা সেনার অনুপ্রবেশ নিয়ে উত্তেজনা শুরু হয়। ১৫ জুন গালওয়ান উপত্যকায় চীনা বাহিনীর সঙ্গে সংঘর্ষে প্রাণ হারান ২০ জন ভারতীয় সেনা সদস্য। ওই ঘটনার পর থেকেই দুই দেশের মধ্যে সম্পর্কের টানাপোড়েন তীব্র হয়।

এর জেরে ভারত একাধিক কূটনৈতিক ও প্রশাসনিক পদক্ষেপ নেয়, যার মধ্যে ছিল চীনা বিনিয়োগের উপর নিয়ন্ত্রণ আরোপ, জনপ্রিয় চীনা অ্যাপ নিষিদ্ধ করা এবং পারস্পরিক ভিসা নীতিতে কঠোরতা। সেই সময় চীনও কোভিড-১৯ মহামারির অজুহাতে ভারতসহ বহু দেশের নাগরিকদের জন্য ভিসা দেওয়া বন্ধ করে দেয়।

২০২২ সালে চীন তাদের বিধিনিষেধ কিছুটা শিথিল করলেও সে দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে অধ্যয়নরত ভারতীয় শিক্ষার্থীরা ফিরে গিয়ে নিয়মিত ক্লাসে যোগ দিতে পারছিল না, কারণ প্রয়োজনীয় অনুমতি মিলছিল না। বারবার ভারত এ বিষয়ে উদ্বেগ জানালেও চীন তাতে সাড়া দেয়নি। ফলে প্রতিক্রিয়াস্বরূপ ভারতও চীনা পর্যটকদের জন্য ভিসা দেওয়া বন্ধ রেখেছিল।

তবে সাম্প্রতিক রাজনৈতিক যোগাযোগ ও কূটনৈতিক আলোচনার প্রেক্ষাপটে অবশেষে বরফ গলতে শুরু করেছে। দুই দেশই ধীরে ধীরে সম্পর্ক স্বাভাবিক করতে উদ্যোগী হচ্ছে। আর তারই এক বড় নিদর্শন হিসেবে, ভারতের তরফে এবার চীনা পর্যটকদের জন্য ট্যুরিস্ট ভিসা চালুর ঘোষণা এল।

**-B**